

জেরুজালেম, ২৬ জুন – মার্কিন সামরিক বাহিনীর দাবি অনুযায়ী ইরানের মূল পারমাণবিক স্থাপনা ধ্বংস হয়েছে, তা প্রত্যাখ্যান করেছেন ইসরায়েলের অর্থমন্ত্রী ও কটরপন্থি রাজনীতিবিদ বেজালেল স্মোত্রিচ। তিনি বলেন, ইরানের পরমাণু প্রকল্প ক্ষতিগ্রস্ত করার ক্ষেত্রে ইসরায়েলের অবদান মার্কিন যুক্তরাষ্ট্রের চেয়ে বেশি।

গত ১৩ জুন ইসরায়েলি বিমান বাহিনী তেহরান ও অন্যান্য এলাকায় বিমান হামলা চালায়। ২৩ জুন মার্কিন বাহিনী ‘অপারেশন মিডনাইট হ্যামার’ নামে ইসরায়েলের তিনটি পরমাণু স্থাপনায় হামলা চালায়। একদিন পর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরান-ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতির ঘোষণা দেন এবং দাবি করেন, এই অভিযানে ইরানের পরমাণু সক্ষমতার মূলে আঘাত হানা হয়েছে।

কান রেডিওকে দেওয়া সাক্ষাৎকারে স্মোত্রিচ বলেন, “ইরানের পরমাণু কর্মসূচির কতটা ক্ষতি হয়েছে তা এখনই বলা সম্ভব নয়। তবে ক্ষতিগ্রস্ত করার ক্ষেত্রে ইসরায়েলের অবদান সবচেয়ে বড়। আমরা তাদের বিজ্ঞানী, আর্কাইভ ও সক্ষমতা ধ্বংস করেছি।”

তিনি আরও বলেন, যুদ্ধবিরতি সত্ত্বেও ইরান-ইসরায়েলের দীর্ঘ বৈরী সম্পর্কের নতুন পরিস্থিতি তৈরি হয়েছে এবং এখন ইসরায়েলের উচিত নতুন লক্ষ্য নির্ধারণ করা। স্মোত্রিচ বলেন, “আমাদের নতুন লক্ষ্য হতে পারে ইরানের ক্ষমতাসীন সরকারকে উৎখাত করা, যার জন্য ইরানের জনগণের সহযোগিতা প্রয়োজন।”

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 22:13

URL: <https://www.timestodaybd.com/international/7758073700>